# ২০১৬
# বাংলা - প্রথম ভাষা
## সময় – ৩ ঘণ্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু প্রশ্নপত্র পড়ার জন্য এবং
বাকি ৩ ঘণ্টা উত্তর লেখার জন্য।)
[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ৯০
বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান – ১০০]

Booklet Sl. No. STQP2016

www.sciencetips.in

### 'ক' বিভাগ

**১। প্রতিটি প্রশ্নের উত্তর অনধিক তিনটি বাক্যে লিখে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ২ = ৪**

**১.১** "কহ তাত, সহিব কেমনে/হেন অপমান আমি, ভ্রাতৃ-পুত্র তব?"—কোন্ অপমানের কথা বলতে চেয়েছেন 'বক্তা?

**১.২** "ভাবিলাম মনে, বুঝি এতখনে আমারে চিনিল মাতা"—কোন্ ঘটনায় বক্তার একথা মনে হল?

**১.৩** "ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে"— কীসের ছায়ার কথা বলেছেন কবি?

**১.৪** "সবাই হাততালি দিচ্ছে"—যারা হাততালি দিচ্ছে, তাদের কী পরিচয় দিয়েছেন কবি?

**২। প্রতিটি উত্তর কম-বেশি পাঁচটি বাক্যে লিখে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৩ = ৬**

**২.১** "শ্মশান-শবের ছাইয়ের গাদায় আজকে রে তাই বেড়াই খুঁজে"—কাকে খুঁজে বেড়ান কবি? তাঁর এমন খুঁজে বেড়ানোর কারণ কী? **১ + ২**

**২.২** "করুন রক্ষে গরিবের ভিটেখানি"— কাকে এই অনুরোধ করেছিলেন বক্তা? তাঁর অনুরোধের ফল কী হয়েছিল? **১ + ২**

**২.৩** "কিন্তু বৃথা গঞ্জি তোমা"— কাকে গঞ্জনা দিচ্ছিলেন বক্তা? সেই গঞ্জনাকে 'বৃথা' বলবার কারণ কী? **১ + ২**

**২.৪** "যাও, তাকে যেমন করেই হোক/খুঁজে আনো"— কাকে খুঁজে আনতে বলা হয়েছে? 'যেমন করেই হোক' তাকে খুঁজে আনা প্রয়োজন কেন? **১ + ২**

**৩। কম-বেশি বারোটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৮ = ৮**

**৩.১** ’বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় বঙ্গ প্রকৃতির প্রতি কবির যে অনুরাগ প্রকাশিত তার পরিচয় দাও।

**৩.২** ’উলঙ্গ রাজা’ কবিতায় রূপকের অন্তরালে বাস্তবের যে রূপ কবি প্রকাশ করেছেন-তা নিজের ভাষায় লেখো।

**৪। উৎস-নির্দেশ করে যে-কোনো একটি টীকা অনধিক চারটি বাক্যে লেখো : ১ × ৫ = ৫**

**৪.১** বেহুলা

**৪.২** বাসবত্রাস

**৪.৩** সপ্তপুরুষ

**৪.□** আলোক-শিশু

**৫। কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৫ = ৫**

**৫.১** দূর থেকে মৃত্যু সম্পর্কে কবির কী মনে হয়েছিল তা ’মৃত্যুঞ্জয়’ কবিতা অবলম্বনে লেখো। শেষ পর্যন্ত তিনি কোন্ উপলব্ধিতে পৌঁছেছিলেন? **৩ + ২**

**৫.২** ’স্বাগত’ কবিতায় কাকে স্বাগত জানানো হয়েছে? কবিতায় ভবিষ্যতের যে স্বপ্ন আঁকা হয়েছে তা বুঝিয়ে দাও। **২ + ৩**

**৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে অনধিক ৪০০ শব্দের মধ্যে প্রবন্ধ লেখো : ১৫**

**৬.১** বিজ্ঞান ও কুসংস্কার

**৬.২** প্রতিযোগিতা নয়, সহযোগিতা

**৬.৩** বই পড়া

**৬.৪** তোমার জীবনের লক্ষ্য

**৭। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো :**

Once there was a beautiful princess. When her mother died the king married another lady who had a magic mirror. The mirror said, ’Queen! you are beautiful but the princess is more beautiful than you’.

**’খ’ বিভাগ**

www.sciencetips.in

**৮। প্রতিটি উত্তর অনধিক তিনটি বাক্যে লিখে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ২ = ৪**

**৮.১** "তাঁহার অন্তঃকরণে বিলক্ষণ ভয়ের উদয় হইতে লাগিল"—বক্তার ভয়ের কারণ কী?

**৮.২** "পাদুকাসৃষ্টির উদ্দেশ্য পদে পদে ব্যর্থ হইয়া যাইত"— পাদুকাসৃষ্টির উদ্দেশ্য ব্যর্থ হবার কারণ কী?

**৮.৩** "নিবারণের মুখ অন্ধকার হয়ে গেল"— কোন্ কথা শুনে অন্ধকার হল নিবারণের মুখ?

**৮.৪** "চিড়া খোয়ালু শ্রীমন্ত, মোক বিষ আনি খোয়াও"—বক্তা এমন কথা বলে আর্তনাদ করেছে কেন?

**৯। প্রতিটি উত্তর কম-বেশি পাঁচটি বাক্যে লিখে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ৩ = ৬**

**৯.১** "সেখানে একবার মিশে যেতে পারলে আর কোনো ভয় থাকে না।" —কোন্ জায়গার কথা বলা হয়েছে? সেখানে একবার মিশে গেলে ভয় থাকে না কেন? **১ + ২**

**৯.২** "সেইজন্য বিশ্ব-প্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম।"—কে দেখতেন? 'আড়াল-আবডাল' থেকে বিশ্ব-প্রকৃতিকে দেখার কারণ কী? **১ + ২**

**৯.৩** "ওরা দুজনে এমন হতভম্ব হয়ে গিয়েছে ব্যাপার দেখে যে, এত কাছে পেয়েও গুলি করতে ভুলে গেল।"— কোন্ ব্যাপার দেখে 'হতভম্ব' হয়ে গিয়েছিল দুজনে? কাকে গুলি করতে ভুলে গেল তারা? **১ + ২**

**৯.৪** 'তখন সে নিতান্ত হতাশ হইয়া তথা হইতে প্রস্থান করিল।"—হতাশ হয়ে প্রস্থান করল কে? তার হতাশার কারণ কী? **১ + ২**

**১০। কম-বেশি বারোটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১ × ৮ = ৮**

**১০.১** "আমাদের শিশুকালে ভোগবিলাসের আয়োজন ছিল না বলিলেই হয়"— বালক বয়সের সেই 'সাদাসিধা' জীবনযাপনের ছবিটি রবীন্দ্রনাথের কলমে কীভাবে ধরা দিয়েছে, 'ঘর ও বাহির' অবলম্বনে তার পরিচয় দাও।

**১০.২** "কী অদ্ভুত ধরনের ভীষণ সুন্দর দৃশ্য"— 'অগ্নিদেবের শয্যা' অবলম্বনে নিজের ভাষায় দৃশ্যটির বর্ণনা দাও। দৃশ্যটি একই সঙ্গে 'ভীষণ' এবং 'সুন্দর' কেন? **৬ + ২**

**১১। উৎস-নির্দেশ করে যে-কোনো একটি টীকা অনধিক চারটি বাক্যে লেখো : ১ × ২ = ২**

**১১.১** নেয়ামত খলিফা

**১১.২** আগ্নেয়গিরি

**১১.৩** মৃগয়া



www.sciencetips.in

**১১.৪** খুঁটির জোর

**১২। কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **১ × ৫ = ৫**

**১২.১** ’অযান্ত্রিক’ গল্পে জগদ্দলের যে বর্ণনা পাওয়া যায় তা সংক্ষেপে লেখো। গল্পটিতে যে মানবিক সম্পর্ক ফুটে উঠেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। **৩ + ২**

**১২.২** ”বঙ্কুবাবুকে কেউ কোনোদিন রাগতে দেখিনি”— ’বঙ্কুবাবুর বন্ধু’ গল্পে কেমন ছিল এই বঙ্কুবাবুর স্বভাব? অ্যাং-এর সঙ্গে দেখা হবার পর বঙ্কুবাবুর চরিত্রে কী পরিবর্তন হয়েছিল? **৩ + ২**

**১৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** **৩ × ২ = ৬**

**১৩.১** নীচের বাক্যগুলিতে যে-সব সন্ধিবদ্ধ পদ আছে, তাদের সন্ধি-বিচ্ছেদ করো (যে-কোনো দুটি): **২ × ১ = ২**

**১৩.১.১** নমস্কার করিয়া সে প্রস্থান করিল। (সভ্য ও অসভ্য)

**১৩.১.২** তব জন্মপুরে, তাত, পদার্পণ করে বনবাসী! (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

**১৩.১.৩** যে-পুকুরটি এই বনস্পতির অধিষ্ঠাত্রী দেবতার দর্পণ ছিল তাহাও এখন নাই। (ঘর ও বাহির)

**১৩.১.৪** সন্ন্যাসী বেশে ফিরি দেশে দেশে.. (দুই বিঘা জমি)

**১৩.২** নীচের বাক্যগুলিতে যে-সব সমাসবদ্ধ পদ আছে, তাদের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে-কোনো দুটি): **২ × ১ = ২**

**১৩.২.১** সাতকুলে কেউ নেই, আমার ভরসায় ছেলে রেখে চোখ বুজল। (হারুন সালেমের মাসি)

**১৩.২.২** দৈন্যের দায়ে বেচিব সে-মায়ে এমনি লক্ষ্মীছাড়া। (দুই বিঘা জমি)

**১৩.২.৩** আগুনরাঙা মেঘ ফুঁসিয়ে উঠেছে। (অগ্নিদেবের শয্যা)

**১৩.২.৪** নাইন কইত্তে মারামারি লাগি গেল্ বুঝি। (ছেঁড়া তার)

**১৩.৩** নীচের চিহ্নিত পদগুলির অন্বয়গত পরিচয় দিয়ে বিভক্তি/অনুসর্গ নির্দেশ করো (যে-কোনো দুটি) : **২ × ১ = ২**

**১৩.৩.১** <u>বাবু</u> বলিলেন, বুঝেছ উপেন, এ জমি লইব কিনে। (দুই বিঘা জমি)

**১৩.৩.২** অত বড়ো হেমলক গাছের জঙ্গল <u>দাবানলে</u> .... সম্পূর্ণ নষ্ট হয়ে গেল। (অগ্নিদেবের শয্যা)

**১৩.৩.৩** নিবারণের <u>ঘরে</u> রেডিয়ো বাজছে। (হারুন সালেমের মাসি)

www.sciencetips.in

**১৩.৩.৪** ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়। (বাংলার মুখ আমি দেখিয়াছি)

**১৩.৪** নির্দেশ অনুসারে রূপান্তর করো (যে-কোনো দুটি) : **২ × ১ = ২**

**১৩.৪.১** কিয়ৎক্ষণ পরে এক আদিম নিবাসীর পর্ণশালা তাঁহার নয়নগোচর রইল। (চলিত গদ্যে) [সভ্য ও অসভ্য]

**১৩.৪.২** সহিব কেমনে হেন অপমান আমি। (লেখ্য গদ্যে) [বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ]

**১৩.৪.৩** সে ঘরে মায়ের জায়গা হয় না। (কর্তৃবাচ্যে) [হারুন সালেমের মাসি ]

**১৩.৪.৪** কেউ বললেও বিশ্বাস করবে না হয়তো। (কর্মবাচ্যে) [ অগ্নিদেবের শয্যা ]

**১৩.৫** নীচের বাক্যগুলির ক্রিয়াপদের 'প্রকার' নির্ণয় করো (কাল-নির্দেশ নিষ্প্রয়োজন) [যে-কোনো দুটি ]: **২ × ১ = ২**

**১৩.৫.১** পাররি যেতে ভেদ করে এই চক্র পথের চক্রব্যূহ? (পদের দিশা)

**১৩.৫.২** আলভারেজও বিছানায় উঠে বসেচে। (অগ্নিদেবের শয্যা)

**১৩.৫.৩** সকাল হইতে দেখিতাম। (ঘর ও বাহির)

**১৩.৫.৪** সবাই চেঁচিয়ে বলছে: শাবাশ, শাবাস। (উলঙ্গ রাজা)

**১৩.৬** নীচের চিহ্নিত ক্রিয়াপদগুলি গঠনগত দিক থেকে কী ধরনের তা নির্ণয় করো (যে-কোনো দুটি): **২ × ১ = ২**

**১৩.৬.১** ঝুঁটি-বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি। (দুই বিঘা জমি)

**১৩.৬.২** চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে? (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

**১৩.৬.৩** ওদের তন্দ্রা ছুটে গেল। (অগ্নিদেবের শয্যা)

**১৩.৬.৪** ও পাপ বিদেয় করো। (হারুন সালেমের মাসি)

**১৪। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১৪**

**১৪.১** যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও: **১ × ৫ = ৫**

**১৪.১.১** উপভাষা কাকে বলে? রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। **১ + ২ + ২**

**১৪.১.২** 'বিভক্তি' শব্দটির সাধারণ অর্থ কী? ব্যাকরণে ভাষার কোন্ বৈশিষ্ট্যকে 'বিভক্তি' বলা হয়? উদাহরণ দিয়ে বিভক্তি ও অনুসর্গের পার্থক্য বুঝিয়ে দাও। **১ + ২ + ২**

**১৪.২** যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর : **৩ × ৩ = ৯**

**১৪.২.১** বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও (যে-কোনো তিনটি): **৩ × ১**

সকর্মক ক্রিয়া, নিত্যবৃত্ত অতীত, যৌগিক ক্রিয়া, নামধাতুজ ক্রিয়া, ঘটমান ভবিষ্যৎ।

**১৪.২.২** নির্দেশ অনুসারে বাক্য 'পরিবর্তন করো (যে-কোনো তিনটি): ৩ × ১

**১৪.২.২.১** তাহার আভাস পাইতাম কিন্তু নাগাল পাইতাম না। [সরল বাক্যে]

**১৪.২.২.২** অসৎ লোককে কেউ ভালোবাসেনা। [ প্রশ্নবোধক বাক্যে]

**১৪.২.২.৩** সূর্য ওঠবার সঙ্গে-সঙ্গে অগ্ন্যুৎপাতের সে ভীষণ সৌন্দর্য অনেকখানি কমে গেল। [ জটিল বাক্যে]

**১৪.২.২.৪** নিজের কেউ থাকলে এমন অবস্থা হত কি? [না-বাচক বাক্যে]

**১৪.২.২.৫** অতখানি উঁচু ঘর তোলাটা সমাজের মানুষ ভালো চোখে দেখেনি। ['অস্ত্য-র্থক বাক্যে]

**১৪.২.৩** বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও (যে-কোনো তিনটি) : ৩ × ১

সংশয়সূচক অব্যয়, সম্বোধনসূচক অব্যয়, বৈকল্পিক অব্যয়, সঙ্কোচক অব্যয়, বিস্ময়ব্যঞ্জক অব্যয়।

**১৪.২.৪** নীচের শব্দদ্বৈতগুলি কী কী অর্থে ব্যবহৃত হয়েছে লেখো (যে-কোনো তিনটি) : ৩ × ১

**১৪.২.৪.১** মাথার উপরে বাড়ি পড়ো-পড়ো।

**১৪.২.৪.২** সকাল-সকাল বাড়ি ফিরো।

**১৪.২.৪.৩** অনেক বলেকয়ে রাজি তো করিয়েছি।

**১৪.২.৪.৪** একটা অসুখবিসুখ করতে কতক্ষণ?

**১৪.২.৪.৫** জলে স্থলে আর গগনে গগনে বাঁশি বাজে যেন মধুর লগনে।

**১৪.২.৫** নীচের বাক্যগুলি শুদ্ধ-করে আবার লেখো (যে-কোনো তিনটি) : ৩ × ১

**১৪.২.৫.১** শঙ্কর ও আলভারেজের সখ্যতা স্থায়ী হলো না।

**১৪.২.৫.২** অনুমত্যানুসারে এই বিজ্ঞপ্তি দেওয়া হলো।

**১৪.২.৫.৩** আকণ্ঠ পর্যন্ত খাওয়া হয়ে গেল আজ।

**১৪.২.৫.৪** সে এই মামলায় সাক্ষী দেবে।

**১৪.২.৫.৫** এ বিষয়টি আমার আয়ত্তাধীন নয়।

**[ শুধু বহিরাগত পরীক্ষার্থীদের জন্য ]**



www.sciencetips.in

**১৫। কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **১ × ৫ = ৫**

**১৫.১** ”এবে পাপপূর্ণ লঙ্কাপুরী”—কী কারণে লঙ্কাপুরীর এমন অবস্থা?

**১৫.২** ”আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে”— ’দুই বিঘা জমি’ কবিতা অবলম্বনে উপেনের ভাগ্যবিপর্যয়ের কাহিনিটি নিজের ভাষায় লেখো।

**১৬। কম-বেশি দশটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **১ × ৫ = ৫**

**১৬.১** ’ছেঁড়া তার’ নাট্যাংশে ফুলজান চরিত্রটির কী কী বৈশিষ্ট্য তোমার চোখে পড়ে, নিজের ভাষায় আলোচনা করো।

**১৬.২** ”সারাদিন সমানভাবে অগ্নিলীলা চলল”—কোথায় চলল ’অগ্নিলীলা’? অগ্নিলীলার ছবিটির বর্ণ-না দাও। **২ + ৩**

* * *

www.sciencetips.in